




### নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাবীন কচুয়া উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত নিম্ন লিখিত শর্তসাপেক্ষে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হইতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুলো)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোনো প্রতিষ্ঠানে খতিব মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাতের উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্টক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	০২ (দুই)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

#### শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) বর্তমান ঠিকানা (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঝ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কচুয়া, চাঁদপুর বরার আবেদন করতে হবে;
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
  - পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।
  - সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- প্রার্থীকে আগামী ০৮/০৬/২০২১খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কচুয়া, চাঁদপুর বরার ডাকযোগে বা সরাসরি আবেদন করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টরূপে লিখতে হবে;
- প্রার্থীকে আগামী ১৬/০৬/২০২১খ্রি. তারিখে পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত সকাল ৯.০০ ঘটিকায় মধ্যে সকল কাগজপত্রের মূলকপি সহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কচুয়া, চাঁদপুর এ উপস্থিত হতে হবে;
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে;
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- কোন তথ্য গোপন করে চাকরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে;
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
২৭/০৬/২০২১

(দীপায়ন দাস গুপ্ত)

উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি


কচুয়া উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে পরিচালনা কমিটি  
ইসলামিক ফাউন্ডেশন  
কচুয়া, চাঁদপুর।

তারিখ: ২৭/০৬/২০২১খ্রি.

স্মারক নং: ০৫.৪২.১৩৫৮.০০.০০১.০১১.২১- ৪৬৬

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- মাননীয় সংসদ সদস্য, ২৬০ চাঁদপুর-১, কচুয়া উপজেলা।
- মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- জেলা প্রশাসক, চাঁদপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
- মেয়র, কচুয়া পৌরসভা, চাঁদপুর।
- উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁদপুর।
- উপজেলা ..... অফিসার (সকল), কচুয়া, চাঁদপুর।
- চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ [তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
- সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

  
২৭/০৬/২০২১  
উপজেলা নির্বাহী অফিসার  
কচুয়া, চাঁদপুর।